শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উজিরপুর উপজেলা পরিষদ

## বরিশাল জেলা

### উজিরপুর উপজেলা পরিষদের এপ্রিল - ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আব্দুল মজিদ সিকদার বাচ্চু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর। |
| সভার নম্বর | ঃ | ০৪/২০২২ |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৬-০৪-২০২২ : দুপুর- ১১.০০ টা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, উজিরপুর। |

(সদস্যবৃন্দের উপস্থিতির হাজিরা ঃ রেজিস্টারে সংরক্ষিত)

উপস্থিত সদস্যবৃন্দের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতির শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে সভা শুরু করা হয়। অতঃপর বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনরূপ সংশোধনী ছাড়াই তা' সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় দপ্তর ওয়ারী নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং তদপ্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক | বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা নির্বাহী অফিস ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর সভায় জানান যে, তার দপ্তর ও উপজেলা পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>এছাড়া তিনি ইউপি চেয়ারম্যানদেরকে বিভিন্ন গণসমাবেশ, সভা ও আলোচনা অনুষ্ঠানে শিক্ষা, যৌতুক প্রথা, নারী নির্যাতন, মাদকের অপব্যবহার ও কুফল ইত্যাদি সম্পর্কে সামাজিক সচেতনতা সৃষ্টির বিষয়ে পরামর্শ প্রদান করেন। উন্নয়নমূলক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা রাখার জন্য চেয়ারম্যানদের অনুরোধ করেন। | ১। ইউপি চেয়ারম্যানদের বিভিন্ন সভা সামবেশ আয়োজন করে যৌতুক প্রথা, নারী নির্যাতন, মাদকের অপব্যবহার ও কুফল ইত্যাদি সম্পর্কে সামাজিক সচেতনতা সৃষ্টি এবং ইউনিয়ন পরিষদের সার্বিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০২. | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে কোন অসুবিধা নেই। কোভিড-১৯ এর ভ্যাকসিন কার্যক্রম চলমান। এছাড়া তিনি সভায় জানান যে, বুষ্টারডোজ টিকা গ্রহণে স্থানীয় জনগনের মাঝে সচেতনতা কম পরিলক্ষিত হচ্ছে। যাতে করে বুষ্টারডোজ টিকা গ্রহণে স্থানীয় জনগনের মধ্যে চাহিদা বাড়ে সে জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণের পরামর্শ দেয়া হলো।<br>২. বুষ্টারডোজ টিকা গ্রহণে স্থানীয় জনগনের মাঝে চাহিদা বাড়ানোর জন্য ইউনিয়ন চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উজিরপুর |
| ০৩. | **কৃষি বিভাগ ঃ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি বিভাগের কার্যক্রম যথানিয়মে চলছে কোন অসুবিধা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হলো। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, উজিরপুর |
| ০৪. | **প্রকৌশল বিভাগ ঃ**<br>উপজেলা প্রকৌশলী, উজিরপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের কাজ চলমান। সভায় তিনি আরও জানান যে, মধ্য সাতলা হাইস্কুল সংলগ্ন বড় ব্রীজটি দীর্ঘদিন যাবত বিভিন্ন স্থানে ভাঙ্গা অবস্থায় আছে। ইতো পূর্বে ঐ ব্রীজ থেকে পড়ে দুই তিন জন লোকের মৃত্যু হয়েছে। ঐ ব্রীজ থেকে প্রতিদিন হাজার হাজার জনগন চলাফেরা করে। এমতাবস্থায় জরুরীভিত্তিতে (আরএফকিউ) এর মাধ্যমে মধ্য সাতলা হাইস্কুল সংলগ্ন বড় ব্রীজটি মেরামত করা প্রয়োজন। উক্ত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>এছাড়া তিনি সভায় ক) উপজেলা জামে মসজিদ সংস্কার খ) উপজেলা পরিষদ এর নব নির্মিত সম্প্রসারিত কমপ্লেক্স ভবনের ৩য় তলায় মুসল্লীদের নামাজের স্থান নির্মাণ করার প্রস্তাব করেন।<br>এছাড়া ২০২১-২২ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় ইউনিয়ন চেয়ারম্যান ও স্থানীয় জনগণের চাহিদা আলোকে প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করা হয়। (তালিকা "পরিশিষ্ট ক")। সভায় উল্লেখিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয়। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হলো।<br>২. মধ্য সাতলা হাইস্কুল সংলগ্ন বড় ব্রীজ মেরামত করণ ও ক) উপজেলা জামে মসজিদ সংস্কার খ) উপজেলা পরিষদ এর নব নির্মিত সম্প্রসারিত কমপ্লেক্স ভবনের ৩য় তলায় মুসল্লীদের নামাজের স্থান নির্মাণ করণ প্রকল্পসমূহ জরুরীভিত্তিতে (আরএফকিউ) এর মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ইউনিয়ন চেয়ারম্যান ও স্থানীয় জনগণের চাহিদা আলোকে উপস্থাপিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো। (তালিকা "পরিশিষ্ট ক")। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, উজিরপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **আইন-শৃঙ্খলা রক্ষাকারী বিভাগ ঃ**<br>অফিসার ইন চার্জ, উজিরপুর থানা জানান যে, অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভালো। মাদক ও সন্ত্রাস দূরীকরণে সকলের সহযোগিতা কামনা করেন এবং তিনি সকলকে নিরপেক্ষ থাকার জন্য অনুরোধ করেন। | ১. আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সদা সচেষ্ট থাকা ও পুলিশ টহল জোরদার করণের পরামর্শ প্রদান করা হলো। | অফিসার-ইন- উজিরপুর থানা |
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম আলোচনা করা সম্ভব হয়নি। । | ১. পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা শিক্ষা কর্মক উজিরপুর |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম আলোচনা করা সম্ভব হয়নি। । | ১.পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উজিরপুর |
| ০৮. | **মৎস্য বিভাগ ঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে কোন অসুবিধা নেই। এছাড়া তিনি সভায় জানান যে, মা ইলিশ রক্ষায় নদীতে অভিযান চলমান। শামুক ও ঝিনুক সংরক্ষন প্রকল্পের আওতায় হারতা ইউনিয়নে মৎস্য বিচরনে অভয় আশ্রম এর কাজ চলমান। এছাড়া এই প্রকল্পের আওতায় মৎস্যজীবিদের বিকল্প কর্মসংস্থানের কার্যক্রম চলমান। তিনি সভায় উল্লেখিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হলো।<br>২. মা ইলিশ রক্ষায় নদীতে নিয়মিত অভিযান করা সহ শামুক ও ঝিনুক সংরক্ষন প্রকল্পের কাজ সঠিক ও সঠিক ভাবে সম্পন্ন করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উজিরপুর |
| ০৯. | **প্রাণি সম্পদ বিভাগ ঃ**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা উজিরপুর, সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে কোন অসুবিধা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উজিরপুর |
| ১০. | **সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উজিরপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। সভায় জানান যে, অত্র উপজেলার ভাতাভোগী কিছু সংখ্যক লোক এমআইএস কার্যক্রমের আওতায় আসতে পারেনি তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে তালিকায় অন্তর্ভূক্ত করণের প্রস্তাব করেন। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়।<br>২. ভাতাভোগী যারা অদ্যবধি এমআইএস কার্যক্রমের আওতায় আসতে পারেনি। তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে তালিকায় অন্তর্ভূক্ত করণে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা , উজিরপুর |
| ১১. | **প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগের কার্যক্রম যথানিয়মে চলছে। বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে তেমন কোন উল্লেখযোগ্য সমস্যা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম দ্রুততার সাথে সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয় | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উজিরপুর |
| ১২. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), উজিরপুর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথানিয়মে চলছে। এছাড়া তিনি সভায় জানান যে, সমগ্রদেশ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম দ্রুততার সাথে সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), উজিরপুর |
| ১৩. | **মহিলা বিষয়ক বিভাগ ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি আরও জানান যে, উপজেলার কিছু কিছু ইউনিয়নে এখনও বাল্য বিবাহ সংঘটিত হয়। এজন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে সহযোগিতা করা সহ সংশ্লিষ্ট সকলকে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়।<br>২. বাল্য বিবাহ প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উজিরপুর |
| ১৪. | **যুব উন্নয়ন অধিদপ্তর ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উজিরপুর |
| ১৫. | **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পঃপঃ কর্মকর্তা, উজিরপুর |
| ১৬. | **খাদ্য বিভাগ ঃ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উজিরপুর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম আলোচনা করা সম্ভব হয়নি। । | ১. পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উজিরপুর |
| ১৭. | **সমবায় বিভাগ ঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার, উজিরপুর |
| ১৮. | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উজিরপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **বন বিভাগ ঃ** ফরেষ্টার, বন বিভাগ উজিরপুর সভায় জানান যে, তার বিভাগীয় কায়ক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বিভাগ, উজিরপুর |
| | **আনসার ও ভিডিপি বিভাগ ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উজিরপুর |
| ২১. | **আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ** সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, উজিরপুর |
| ২২. | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তার প্রকল্পের কাজ সঠিক ভাবে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পরিষদ উজিরপুর, বরিশাল |
| ২৩. | **সাতলা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, সাতলা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি সভায় জানান যে, হাটবাজারের ১০% অর্থায়নে সাতলা নয়াকান্দী বাজারের গলি সিসি করণ প্রকল্পটি বাস্তবায়ন করা প্রয়োজন। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো।<br>২. সাতলা ইউনিয়নের হাটবাজারের ১০% অর্থায়নে সাতলা নয়াকান্দী বাজারের গলি সিসি করণ প্রকল্পটি বিধিমোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সাতলা ইউনিয়ন পরিষদ |
| ২৪. | **হারতা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, হারতা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। সভায় তিনি জানান যে, হারতা বাজারে একটি ডাকবাংলো তৈরী করা হয়েছে। কিন্তু অদ্যাবধি এর সুফল কেউ ভোগ করতে পারেননি। বর্তমানে ডাকবাংলোটি ব্যবহার না করার ফলে বিভিন্ন স্থানে সমস্যা দেখা দিয়েছে। তিনি জানান যে, ডাকবাংলোটি কারো কাছে হস্তান্তর করা হয়নি এবং ওখানে কেয়ারটেকার নেই। তিনি এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।<br>এছাড়া তিনি সভায় জানান যে, জলবায়ু ও দূর্যোগ সহনশীল ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় নিম্নলিখিত উপ-প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে সভায় উপস্থাপন করেন। প্রকল্পসমূহঃ<br>১. ভজনের খাল মৌজা ৮ ও ৯- ০৫ কিঃমিঃ<br>২. সেনের খাল মৌজা ৮,১৩ ও ১৪নং- ০৮ কিঃমিঃ<br>৩. হারতা দঃ পাড় বাজার সংলগ্ন খাল মৌজা ১৩ -০৩ কিঃমিঃ<br>৪. হারতা উত্তর পাড় সাতলা খাল মৌজা- ১০,১১ ও ১৩- ০৫ কিঃমিঃ<br>৫. জামবাড়ী খাল মৌজা ১৪ - ০৪ কিঃমিঃ<br>৬. ভজনের খাল জামিরবাড়ী মাঝি বাড়ী খাল মৌজা- ০৯- ০৪কিঃমিঃ<br>৭. উত্তর নাথারকান্দী খাল মৌজা ১০ ও ১১ নং - ০৪কিঃমিঃ | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো।<br>২. জলবায়ু ও দূর্যোগ সহনশীল ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বর্ণিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ সহ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান হারতা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, হারতা ইউনিয়ন পরিষদ |
| ২৫. | **জল্লা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, জল্লা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। তেমন কোন সমস্যা নেই। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান,জল্লা ইউনিয়ন পরিষদ |
| ২৬. | **ওটরা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, ওটরা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। সার্বিক পরিস্থিতি মোটামুটি ভাল। তিনি উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের কর্মকান্ডে ক্ষোভ প্রকাশ করেণ। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান, ওটরা ইউনিয়ন পরিষদ। |
| ২৭. | **শোলক ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, শোলক ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। | ১ ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান,শোলক ইউনিয়ন পরিষদ |
| ২৮. | **বড়াকোঠা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, বড়াকোঠা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান, বড়াকোঠা ইউনিয়ন পরিষদ। |
| ২৯. | **বামরাইল ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, বামরাইল ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। কোন সমস্যা পরিলক্ষিত হয়নি। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান, বামরাইল ইউনিয়ন পরিষদ |
| ৩০. | **শিকারপুর ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান , শিকারপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান শিকারপুর - উজিরপুর ইউপি |
| ৩১. | **গুঠিয়া ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, গুঠিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। সার্বিক পরিস্থিতি মোটামুটি ভাল। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান, গুঠিয়া ইউনিয়ন পরিষদ। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৩২. | বিবিধঃ ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পুকুরের উত্তর পাড় ভেঙ্গে যাওয়ায় পাড় সংলগ্ন রাস্তা ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ কিছু ভবন ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। উপজেলা পরিষদের পুকুরের উত্তর পার্শ্বে বীর মুক্তিযোদ্ধাদের একটি স্মৃতিস্তম্ভ রয়েছে। এমতাবস্থায় পুকুরের উত্তর পাড় প্যালাসাইডিং করার জন্য উপজেলা প্রকৌশলী ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। এছাড়া উপজেলা পরিষদের সভাকক্ষের আসবাবপত্র পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় নতুন আসবাবপত্র এবং আধুনিকায়নের লক্ষ্যে ইলেকট্রিক মালামাল ক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী ৮,৯৩,৪৮৫/- টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। উল্লেখিত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তরসমূহে উপজেলা পরিষদ কার্যক্রম বিধিমালা (আইনের তৃতীয় তফসিলে উল্লিখিত দপ্তর সমূহের কর্মকর্তাগণ, সরকার কর্তৃক উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়ে সকল কাগজপত্র ও নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদের চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন)। বর্ণিত সংশোধিত প্রজ্ঞাপনের নির্দেশনা বাস্তবায়নের জন্য ইতোপূর্বে হস্তান্তরিত দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হয়েছে । কিন্তু দপ্তরপ্রধানগণ উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নে বিধিমালা সঠিকভাবে অনুসরণ করছেন না। এ বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির গেজেট রয়েছে।<br>গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, উজিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের উন্নয়ন ও আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। তিনি সভায় এ বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন। | ১. ক) উপজেলা পরিষদের পুকুরের উত্তর পাড় প্যালাসাইডিং করণ খ) উপজেলা পরিষদের সভাকক্ষের আসবাবপত্র ক্রয় এবং আধুনিকায়নের লক্ষ্যে ইলেকট্রিক মালামাল ক্রয়ের জন্য প্রাক্কলিত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।<br>২. উপজেলা পরিষদ কার্যক্রম বিধিমালা যথাযথ ভাবে অনুসরণ করার জন্য হস্তান্তরিত দপ্তরসমূহকে অনুরোধ করা হলো।<br>৩. উপজেলা পরিষদ এর উন্নয়ন তহবিল হতে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স উন্নয়ন ও আসবাবপত্র ক্রয় করণ প্রকল্প বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও<br>২। উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি দাপ্তরিক কার্যক্রম এবং সকল ধরনের উন্নয়নমূলক কার্যাবলী বিধি-বিধান অনুসরন করে সম্পন্ন করার আহবান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আব্দুল মজিদ সিকদার বাচ্চু)
চেয়ারম্যান
উজিরপুর উপজেলা পরিষদ
উজিরপুর, বরিশাল।

স্মারক নং- ০৫.১০.০৬৯৪.০০৪.০৩.০১৮.২০-- তারিখ ঃ ২৬/০৪/২০২২

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১২০ -বরিশাল-২ ও উপদেষ্টা, উজিরপুর উপজেলা পরিষদ, বরিশাল।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, .......................................... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, ............................... অধিদপ্তর, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬। জেলা প্রশাসক, বরিশাল।
৭। ভাইস-চেয়ারম্যান, উজিরপুর উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।
৮। মহিলা ভাইস-চেয়ারম্যান, উজিরপুর উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।
৯। উপজেলা ........................................ অফিসার, উজিরপুর, বরিশাল।
১০। চেয়ারম্যান, ................................... ইউনিয়ন পরিষদ, উজিরপুর, বরিশাল।
১১। জনাব ........................................................................

26/4/22
উপজেলা নির্বাহী অফিসার
উজিরপুর, বরিশাল।